

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৫(আগরতলা, ০৪।০৬)
কৈলাশহর, ০৪ জুন, ২০১৯

রসেম শিল্পী থাংগা ডার্লং-এর
হাতে তুলে দেওয়া হল পদ্মশ্রী পদক

পদ্মশ্রী সন্মানে ভূষিত রসেম শিল্পী থাংগা ডার্লং-এর হাতে আজ ঊনকোটি জেলা প্রশাসনের পক্ষ থেকে তাঁর পদ্মশ্রী পদক ও মানপত্র তুলে দেওয়া হয়েছে। আজ দুপুরে ঊনকোটি জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এক অনুষ্ঠানে প্রথমে থাংগা ডার্লং-কে পুষ্পস্তবক দিয়ে সংবর্ধিত করেন ঊনকোটি জেলার জেলাশাসক রবীন্দ্র রিয়াং ও অতিরিক্ত জেলাশাসক অজিত শুরুদাস। এরপর জেলাশাসক রবীন্দ্র রিয়াং থাংগা ডার্লং-এর হাতে একে একে তুলে দেন পদ্মশ্রী পদক ও রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ স্বাক্ষরিত মানপত্র। থাংগা ডার্লংকে রাজ্য সরকারের পক্ষ থেকে ১,৫০,০০০ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এই সংক্রান্ত প্রয়োজনীয় কাগজও থাংগা ডার্লং-এর হাতে তুলে দেন জেলাশাসক রবীন্দ্র রিয়াং। অতিরিক্ত জেলাশাসক থাংগা ডার্লং-এর বৃকে পদ্মশ্রী পদকটি পরিবেশে দেন। উল্লেখ্য, ঊনকোটি জেলার প্রবীণ রসেম শিল্পী থাংগা ডার্লং ট্যাডিশন্যাল বাদ্যযন্ত্র রসেম-এর বিকাশ ও এই বাদ্যযন্ত্র বাদনে অসাধারণ পারদর্শিতার সুবাদে এবছর ভারত সরকারের পক্ষ থেকে পদ্মশ্রী সন্মানে ভূষিত হন। কিন্তু বয়সজনিত নানা শারীরিক অসুবিধার কারণে তিনি দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে গিয়ে রাষ্ট্রপতির হাত থেকে এই পদ্মশ্রী পদক গ্রহণ করতে পারেননি। পরবর্তী সময়ে ঊনকোটি জেলা প্রশাসনের পক্ষ থেকে উদ্যোগ নিয়ে এই পদ্মশ্রী পদক দিল্লি থেকে কৈলাসহরে আনানো হয় যা আজ এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে থাংগা ডার্লং-এর হাতে তুলে দেওয়া হল। পদ্মশ্রী পদক গ্রহণ করে রসেম শিল্পী থাংগা ডার্লং তাঁর খুশি ব্যক্ত করেছেন। ঊনকোটি জেলার জেলাশাসক রবীন্দ্র রিয়াং রসেম শিল্পী থাংগা ডার্লং-কে অভিনন্দন জানিয়ে তাঁর দীর্ঘ ও সুস্থ জীবন কামনা করেছেন। এই অনুষ্ঠানে কৈলাসহর মহকুমার মহকুমা ম্যাজিস্ট্রেট ডা. বিশাল কুমার সহ বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।